ভোরের কাগজ

তারিখ 20 JAN 2003
পৃষ্ঠা 2 কলাম 2



রাষ্ট্রপতি অধ্যাপক ড. ইয়াজউদ্দিন আহম্মেদ গতকাল শিক্ষার বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য শিক্ষকদের মাঝে মেডেল ও পুরস্কার প্রদান করেন -পিআইডি

## জাতীয় শিক্ষক দিবসের কর্মসূচি উদ্বোধন

# আধুনিক ও বিজ্ঞানসম্মত শিক্ষাদানের ওপর গুরুত্ব দিন : রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি অধ্যাপক ড. ইয়াজউদ্দিন আহম্মেদ বাংলাদেশকে আত্মনির্ভরশীল দেশে পরিণত করার লক্ষ্যে আধুনিক বিজ্ঞানসম্মত ও প্রাযুক্তিক শিক্ষা প্রদানের মাধ্যমে মানবসম্পদ উন্নয়নে শিক্ষা ব্যবস্থার প্রতি সার্বিক দৃষ্টি দেওয়ার ওপর গুরুত্বারোপ করেছেন।

রাষ্ট্রপতি রাজধানীতে বিয়াম মিলনায়তনে জাতীয় শিক্ষক দিবস ২০০৩ উপলক্ষে সরকারি কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে এ কথা বলেন। তিনি বলেন, 'ভবিষ্যৎ নাগরিকদের যোগ্য হিসেরে গড়ে তোলার জন্যে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণীকক্ষে পাঠ সমাপ্ত করার ব্যবস্থা করা সম্ভব।' ইউএনবি। রাষ্ট্রপতি যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার জন্যে প্রতিটি শ্রেণীকক্ষে শিক্ষার্থীদের সঠিক পদ্ধতিতে পাঠদানের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ করেন। রাষ্ট্রপতি বলেন, কার্যকর স্কুলিং ব্যবস্থার মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন নিশ্চিত করা শিক্ষক, অভিভাবক, দেশের সম্মানিত ব্যক্তিত্বসহ প্রত্যেকের একটি দায়িত্ব।

শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক, প্রতিমন্ত্রী এ এন এম এহছানুল হক মিলন এবং উপমন্ত্রী মোহাম্মদ আবদুস সালাম পিন্টু অনুষ্ঠানে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষা সচিব মোহাম্মদ শহিদুল আলম।

অনুষ্ঠানে রাষ্ট্রপতি ১৯ জানুয়ারিকে জাতীয় শিক্ষক দিবস ঘোষণার গুরুত্ব ব্যাখ্যা করে বলেন, 'এই দিন দেশের স্বাধীনতার ঘোষক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের জন্মদিন। তিনি সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শে অনুপ্রাণিত হয়ে জাতি গঠনের কাজে আত্মনিয়োগ করার জন্য শিক্ষক সম্প্রদায়ের প্রতি

● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৭

### আধুনিক ও বিজ্ঞানসম্মত শিক্ষাদানের

● শেষের পাতার পর

আহ্বান জানান।

রাষ্ট্রপতি গত বছরের পাবলিক পরীক্ষার নকল ও অসাধু উপায় অবলম্বন নিয়ন্ত্রণে শিক্ষকদের ভূমিকার প্রসংশা করেন। তিনি, বলেন, এই শিক্ষা অঙ্গনে অনুকূল পরিবেশ সৃষ্টিতে অভিভাবক ও অন্যান্যদের অনুপ্রাণিত করবে।

দেশকে উন্নয়নের দিকে ধাবিত করার জন্য রাষ্ট্রপতি শিক্ষার প্রসার এবং উন্নত শিক্ষা ও মূল্যবোধকে উৎসাহিত করার ওপর গুরুত্বারোপ করেন। রাষ্ট্রপতি শিক্ষা প্রশাসনের জবাবদিহিতা ও সুষ্ঠু ও পর্যবেক্ষণ নিশ্চিত করার জন্য পরামর্শ দেন।

রাষ্ট্রপতি শিক্ষা ক্ষেত্রে বিশেষ অবদান রাখার জন্য ৫ জন শিক্ষককে জাতীয় শিক্ষক দিবস পদক ২০০৩ প্রদান করেন। এ সময় তিনি বলেন, এই অর্জন অন্যান্যদের উৎসাহিত এবং দেশে শিক্ষকদের ভাবমূর্তি উজ্জ্বল করবে।